

আবাসা | Abasa | عَبَسَ

আয়াতঃ ৮০ : ১৫

আরবি মূল আয়াত:

بِأَيْدِي سَفَرَةٍ ﴿١٥﴾

অনুবাদসমূহ:

লেখকদের হাতে, — আল-বায়ান

(এমন) লেখকদের হাতে — তাইসিরুল

লেখকদের হাতে (সুরক্ষিত)। — মুজিবুর রহমান

[Carried] by the hands of messenger-angels, — Sahih International

১৫. লেখক বা দূতদের হাতে।(১)

(১) سفر শব্দটি سافر এর বহুবচন হতে পারে। তখন অর্থ হবে লিপিকার বা লেখক। আর যদি سفرة শব্দটি سفرة থেকে আসে, তখন এর অর্থ দূতগণ। এই শব্দ দ্বারা সাহাবীদেরও উদ্দেশ্য হতে পারে। প্রথমটিই অধিক শুদ্ধ। সহীহ হাদীসে الْبَرَّةُ الْكِرَامُ السَّفَرَةُ এর তাফসীর ফেরেশতাদেরই উদ্দেশ্য নেয়া হয়েছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ ‘কিরাতে বিশেষজ্ঞ কুরআন পাঠক সম্মানিত নেককার দূতদের (ফেরেশতাদের) সাথে থাকবে। আর যে ব্যক্তি বিশেষজ্ঞ নয় কিন্তু কষ্টে সৃষ্টি পড়ে সে দ্বিগুণ সওয়াব পাবে। [বুখারী: ৪৯৩৭, মুসলিম: ৭৯৮] [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

১৫। এমন লিপিকারদের হস্ত দ্বারা (লিপিবদ্ধ)। [1]

[1] سفر শব্দটি سافر এর বহুবচন। এর মানে দূত। এখানে এ থেকে উদ্দেশ্য হল ফিরিশতাদল। যাঁরা আল্লাহর ওহী তদীয় রসূল পর্যন্ত পৌঁছে থাকেন। অর্থাৎ, আল্লাহ এবং রসূলের মাঝে দূতের কর্ম আঞ্জাম দেন। এই কুরআন এমন দূতগণের হাতে থাকে যাঁরা তা লাওহে মাহফূয থেকে বহন করেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5773>